

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 28 June, 2025

বেলুচ ইয়াকজেহতি কমিটির (□□□) প্রধান সংগঠক ডা. মাহরাং বালোচসহ আরও চার নেতার আটকাদেশ আরও ১৫ দিনের জন্য বাড়িয়েছে বেলুচিস্তান প্রাদেশিক সরকার। গণশৃঙ্খলা রক্ষা অধ্যাদেশের (□□□) ধারা-৩ অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাকিস্তানের দৈনিক ডন শনিবার এক প্রতিবেদনে এ তথ্য নিশ্চিত করেছে।

এর ফলে ডা. মাহরাং বালোচ, বিবো বালোচ, গফফার বালোচ, সাবগাত উল্লাহ শাহ জী এবং বেবারগ বালোচ—এই পাঁচজন নেতাকে কোয়েটা জেলা কারাগারেই থাকতে হচ্ছে। এটি তাদের আটকাদেশের চতুর্থবারের মতো বর্ধিতকরণ।

কারাগারের তত্ত্বাবধায়ক হামিদ উল্লাহ পিচি বলেন,

“আমি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে ডা. মাহরাং বালোচসহ অন্যদের আটকাদেশ আরও ১৫ দিনের জন্য বাড়ানোর নির্দেশ পেয়েছি।”

বিক্ষোভ ও প্রতিবাদ থেকে গ্রেপ্তার

গত ২২ মার্চ বেলুচিস্তান বিশ্ববিদ্যালয়ের কাছে আয়োজিত এক অবস্থান কর্মসূচি থেকে ডা. মাহরাংসহ প্রায় ১৫০ বেলুচ কর্মীকে গ্রেফতার করা হয়। তারা জাফর এক্সপ্রেসে হামলা ও ছিনতাই অভিযানে নিহতদের লাশ হস্তান্তরের দাবিতে আন্দোলন করছিলেন।

পরবর্তীতে অধিকাংশ গ্রেফতারকৃতদের মুক্তি দেওয়া হলেও, ডা. মাহরাংসহ পাঁচজনের

আটকাদেশ বহাল রাখা হয়।

প্রতিক্রিয়া ও সমালোচনা

বিওয়াইসি ও মানবাধিকারকর্মীরা এ সিদ্ধান্তের কড়া সমালোচনা করেছেন। সংগঠনের নেত্রী ডা. সাবিহা বালোচ বলেন,

“তিন মাসের বেশি সময় ধরে নেতাদের আটক রাখা সম্পূর্ণভাবে অবৈধ এবং অসাংবিধানিক। সরকার বিভিন্ন কৌশলে আটককাল বাড়িয়ে চলেছে।”

তিনি অবিলম্বে সকল নেতার মুক্তি দাবি করেছেন।

মানবাধিকার পরিস্থিতি ও আন্তর্জাতিক উদ্বেগ

ডা. মাহরাং বালোচ বেলুচ জনগণের অধিকার, জোরপূর্বক গুম ও নিখোঁজদের ইস্যুতে সরব কণ্ঠ হিসেবে পরিচিত। তার আটকের সময়কাল দীর্ঘ হওয়া এবং বারবার আটকাদেশ বৃদ্ধি পাকিস্তানের মানবাধিকার পরিস্থিতি ও বেলুচিস্তানে দমননীতির চিত্র আরও স্পষ্ট করছে বলে মনে করছেন বিশ্লেষকরা।

বেলুচ ইয়াকজেহতি কমিটি বেলুচিস্তান ডা. মাহরাং বালোচ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:26

URL: <https://www.timesodaybd.com/international/3836775807>